ভেনেতো-এ বসবাসকারী

বিদেশী নাগরিকদের জন্য ব্যবহারিক নির্দেশিকা।

ইউরোপিয়ান ইউনিয়নের সহ-অর্থায়নে পরিচালিত প্রকল্প

REGIONE DEL VENETO

MINISTERO del LAVORO e delle POLITICHE SOCIALI

MINISTERO DELL'INTERNO

শিশু শিক্ষা, মাইগ্রেশন এবং ইন্টিগ্রেশন ফাউন্ডেশন (ফামি) ২০১৪-২০২০

ভূমিকা

বিদেশী নাগরিকদের আগমনের ফলে ভেনেতো অঞ্চল বহু বছর ধরেই সফলতার সাথে ইউরোপিয়ান ফান্ডের সহায়তায়, তাদের সামাজিক ইন্টিগ্রেশনের নিজস্ব নীতি অনুসরণ করে আসছে। বিশেষ করে শিশু শিক্ষা এবং মাইগ্রেশন এবং ইন্টিগ্রেশন (ফামি ২০১৪ -২০২০) সেক্টরে, ইউএলএসএস এবং পৌরসভা সমূহের সাথে মিলে "বহু-সাংস্কৃতিক কর্মপদ্ধতি, আঞ্চলিক ইন্টিগ্রেশন (মারি)" নামক প্রকল্প হাতে নিয়েছে, যার লক্ষ্য বিদেশী নাগরিকদেরকে স্বাস্থ্য, বাসস্থান, শিক্ষা, সামজিক এবং অর্থনৈতিক সেবায় অংশগ্রহণ বৃদ্ধি করা।

বিশেষ করে, বাসা, কাজ, শিক্ষা, স্থানীয় সামাজিক সেবায় অংশগ্রহণ, কারণ আমাদের দেশে স্থায়ীভাবে বসবাস করতে চাওয়া ব্যক্তিদের ইন্টিগ্রেশনের জন্য এগুলো অতীব জরুরি।

এই কারণে এবং বিদেশী নাগরিকদের সাহায্যের লক্ষ্যে স্বাগত জানানোর এই নির্দেশিকাটি প্রস্তুত করা হয়েছে। যার দ্বারা একদিকে বিদেশী নাগরিকদের স্থানীয় সেবাসমূহ সম্পর্কে জানার প্রয়োজন মেটানোর চেষ্টা করা হয়েছে, অন্যদিকে, তাদের সহযোগিতা করার চেষ্টা করা হয়েছে, তাদের তথ্য সরবরাহ করে বিভিন্ন আমলাতান্ত্রিক ধাপসমূহ অতিক্রম করার জন্য, যা আমাদের এলাকায় তাদের প্রবেশকে স্থায়ী এবং স্বাভাবিক করবে।

অত্র নির্দেশিকাটি, মূলত সহজে বোঝা যায় এমন একটি মাধ্যম হতে চেয়েছে, যা বিদেশীদের আমাদের দেয়া বিভিন্ন সেবা চিনতে সর্বোপরি, আমাদের অঞ্চলে তার অবস্থানের প্রাথমিক সময়কে সুখকর করবে।

সামাজিক সেবাসমূহের নির্ণায়ক
সম্মানিত মানুয়েলা লানসারিন

সূচি

ইতালিতে পারিবারিক পুনর্মিলন অথবা কাজের জন্য প্রথম প্রবেশ 6

ইতালিতে কে প্রথম প্রবেশ করবে?

কিসের জন্য লাগবে?

কিভাবে?

সাথে করে কি আনতে হবে?

কোথায় যেতে হবে? 8

১. প্রেফেত্তুরায়, ইমিগ্রেশন বুথে

২. পোস্টে, সক্রিয় পোস্ট অফিসে

৩. কোয়েস্তুরায়, ইমিগ্রেশন অফিসে

৪. ইউএলএলএস (স্বাস্থ্য কেন্দ্র স্থানীয় শাখা) এ

...কাজের জন্য 10

কাজ খোঁজা

অধীনস্থ কাজ

বাইরের পেশাগত যোগ্যতা দিয়ে ইতালিতে কাজ করা

কখন কাজ চলে যায়

...বাসার জন্য 14

- স্থায়ী বাসস্থান
- আতিথ্য দেয়ার জন্য যোগাযোগ
- সরকারি বাসভবন “গণ বাসভবন”
- বাসা ভাড়ার চুক্তি

...পরিবারের জন্য 18

- পারিবারিক পরামর্শ কেন্দ্র এবং সিএফএসই
- মা এবং বাবা কাজ করেন: কোন কোন অধিকার
- পরিবারের রক্ষাকবচ, পৌরসভার সেবাসমূহ
- নারীর রক্ষাকবচ

...শিক্ষার জন্য 21

- নাবালকদের জন্য
- প্রাপ্ত বয়স্কদের জন্য
- বাইরে অর্জিত ডিগ্রীর বৈধতাকরণ
- বাইরে অর্জিত স্নাতকের বৈধতাকরণ

...ড্রাইভিং লাইসেন্সের জন্য 24

জরুরি নম্বর 25

ইতালিতে পারিবারিক পুনর্মিলন বা কাজের জন্য প্রথম প্রবেশ

কে ইতালিতে প্রথম প্রবেশ করবে?

ইতালিতে কাজ কিংবা পারিবারিক পুনর্মিলনীর জন্য এসেছেন এমন বিদেশী নাগরিক



কিসের জন্য লাগবে?

রেসিডেন্স পারমিট (কাজ অথবা পারিবারিক কারণে) ও স্বাস্থ্য কার্ড পাওয়ার জন্য যা দ্বারা সরকারি স্বাস্থ্য সেবা পাওয়া যায়।

কিভাবে?

বিদেশী নাগরিক ইতালিতে ঢোকার ৪৮ ঘন্টার মধ্যে তাকে আতিথেয়তা প্রদানকারি ব্যক্তিকে স্থানীয় নিরাপত্তা কর্তৃপক্ষের (জেলা শহরের ক্ষেত্রে কুয়েস্তুরা অন্যথায় পৌর পুলিশের দপ্তরে) যেতে হবে; এবং যে কর্মী বা পরিবারের সদস্য এসেছে কুয়েস্তুরা বা কমনে নির্দিষ্ট ফরম পূরণের মাধ্যম জানাতে হবে।

ইতালিতে ঢোকার ৮ দিনের মধ্যে বিদেশী নাগরিককে প্রেফেতুরার ওয়েব সাইটে দেয়া নির্দেশনা অনুযায়ী এপয়েন্টমেন্ট নিতে হবে এবং নিজ এলাকার প্রেফেতুরার ইমিগ্রেশন বুথে যেতে হবে।



সাথে করে কি আনতে হবে?

প্রথম প্রবেশের এপয়েন্টমেন্টের দিন, বিদেশীকে প্রেফেত্তুরার ইমিগ্রেশন বুথে যেসব কাগজপত্র সাথে আনতে হবে:

পারিবারিক পুনর্মিলনীর জন্য প্রবেশ (১)



- প্রবেশকারী প্রত্যেক বিদেশি নাগরিকের জন্য ২ কপি আমন্ত্রণ পত্র
- মূল যে পাসপোর্ট নিয়ে প্রবেশ করেছন
- যে প্রবেশ করেছ তার পাসপোর্ট অনুলিপি (শুধু ভিসা ও সিল মারা পাতা)
- যে আবেদন করছে তার ১ কপি রেসিডেন্স পারমিট
- ১৬,০০ ইউরোর ১টা স্ট্যাম্প

কাজের জন্য প্রবেশ (১)



- সিজনাল কর্মীদের জন্য চাকরিদাতা, যে কাজের চুক্তিতে স্বাক্ষর করবেন তার থাকতে হবে।
- প্রবেশকারী প্রত্যেক বিদেশি নাগরিকের জন্য ২ কপি আমন্ত্রণ পত্র
- মূল যে পাসপোর্ট নিয়ে প্রবেশ করেছন
- যে প্রবেশ করেছ তার পাসপোর্ট অনুলিপি (শুধু ভিসা ও সিল মারা পাতা)
- বাসস্থানের পরিচ্ছন্নতার গ্রহণযোগ্যতার সনদ
- ১৬,০০ ইউরোর ১টা স্ট্যাম্প

(১) পরিবারের সদস্য বা চাকরিদাতা, প্রেফেত্তুরা থেকে নুল্লা ওস্তা সংগ্রহ করে, যে প্রবেশ করেবে তাকে পাঠাতে হবে।



কোথায় যেতে হবে?

১. প্রেফেত্তুরায়, ইমিগ্রেশন বুথে

প্রেফেত্তুরায়, ইমিগ্রেশন বুথে ইন্টিগ্রেশন চুক্তি করা বাধ্যতামূলক

বাধ্যতামূলক ইন্টিগ্রেশনের একটি পদ্ধতি রয়েছে যা বিদেশীকে ইতালিতে থাকার মত উপযোগী হতে সাহায্য করে, এবং কিছু বাধ্যবাধকতা মেনে ক্ষেত্র বিশেষে বহিষ্কার এড়াতে সাহায্য করে।

30
ক্রেডিট

চুক্তিটি কাজ করে এমন একটি বিশেষ ব্যবস্থায় যেখানে চুক্তি বর্ণিত কিছু কাজ সম্পাদন করলে সর্বোচ্চ ৩০ পয়েন্ট পাওয়া যায়; এবং ভাষার উপর দক্ষতা, পৌর নাগরিকদের সাধারণ জ্ঞান অর্জন করলে পয়েন্ট পাওয়া করা যায়।

2
বছর
সময়সহ

সম্পূর্ণ পয়েন্ট পেতে দুই বছর সময় দেয়া হয়। না হলে আরও এক বছর সময় বাড়ানো যায়।

নিম্নলিখিত ডকুমেন্ট সম্বলিত একটি খাম হস্তান্তরের মাধ্যমে বুথের কাজ শেষ হয়।

- ফিসকাল কোড, কাগজের ফরম্যাটে;
- মডেল ২০৯ (রেসিডেন্স পামিটের আবেদনসহ আবেদনকারীর তথ্য দিয়ে)
- খামে আগ থেকেই স্থায়ী ঠিকানার কুয়েস্তুরার ঠিকানা লেখা থাকে



২. পোস্টে, সক্রিয় পোস্ট অফিসে

বিদেশী নাগরিককে পোস্ট অফিসের ভিতরে বন্ধু বুথ-এ প্রেফেত্তুরা থেকে প্রাপ্ত ডকুমেন্টগুলো জমা দিতে হবে।

বন্ধু বুথ, বিদেশীকে যা দিবে:

- থাম পাঠানোর রসিদ;
- টাকা জমা দেয়ার রসিদ;
- ফিঙ্গার প্রিন্ট দেয়া এবং ডকুমেন্টসমুহ চেক করার জন্য কুয়েস্তুরায় যাওয়ার এপয়েন্টমেন্ট

৩. কুয়েস্তুরায়

কুয়েস্তুরা, এপয়েন্টমেন্ট এর পর প্রস্তুতকৃত রেসিডিন্স পারমিট দেয়ার জন্য আবার নতুন করে ডাকবে



৪. ইউএলএলএস

(স্বাস্থ্য কেন্দ্র স্থানীয় শাখা) এ

পোস্ট অফিসের বন্ধু বুথ থেকে প্রাপ্ত রসিদ নিয়ে ইউএলএলএস গিয়ে স্বাস্থ্য কার্ড এর আবেদন করা যাবে।

...কাজের জন্য কাজ খোঁজা

কি করতে হবে?

যে কাজ খোঁজে বা বেকার তাকে কর্মকেন্দ্রে (সিপিআই) নিবন্ধিত হতে হবে। সিপিআই-এ যা সাথে করে নিতে হবে:

- রেসিডেন্স পারমিট
- পরিচয় পত্র
- ফিসকাল কোড
- পাসপোর্ট
- স্বাস্থ্য কার্ড

কাজ খোঁজার জন্য সিভি থাকতে হয়। সিভি হলো এমন একটি ডকুমেন্ট যেখানে ব্যক্তিগত, শিক্ষাগত, পেশাগত, ড্রাইভিং লাইসেন্স ইত্যাদি তথ্য থাকে।

পূরণ করার জন্য ইউরোপাস এর মডেল ব্যবহার করা যেতে পারে।
(https://europass.cedefop.europa.eu/it/documents/curriculum-vitae)

কাজ খোঁজার জন্য কাজের এজেন্সিতেও যাওয়া যেতে পারে। এরা অনুমতি প্রাপ্ত এবং এরা কাজ খোঁজা এবং প্রশিক্ষণে সহয়তা করে।

প্রয়োজনীয় সাইট

www.regione.veneto.it

১) ভেনেতো অঞ্চল – কাজ এবং প্রশিক্ষণ

২) ভেনেতো অঞ্চল – কাজের অনুমোদন এবং প্রশিক্ষণ

৩) ভেনেতো অঞ্চল – কাজ ও কর্মকেন্দ্র

৪) ভেনেতো অঞ্চল – কাজের সেবার নেটওয়ার্ক

৫) www.cliclavoroveneto.it

1 2 3 4 5

...কাজের জন্য অধীনস্থ কাজ

- ইতালিতে কাজ করার ন্যূনতম বয়স ১৬ বছর, অধিক ঝুকিপুর্ণ কাজের ক্ষেত্রে তা বেড়ে ১৮ বছর হয়।
- অধীনস্থ কাজ (কর্মী) জাতীয় চুক্তি দ্বারা পরিচলিত হয় যাতে ন্যূনতম বেতন এবং প্রত্যেক খাতের জন্য নিয়ম ঠিক করে দেয়া হয়েছে।
- কাজে নিয়োগের সময়, চাকরিদাতা কাজের চুক্তিপত্র দিতে বাধ্য, যাতে কর্মীর স্বাক্ষর থাকতে হবে। এখানে কোন জাতীয় চুক্তি প্রয়োগ করা হয়েছে এবং কি কাজ তা লেখা থাকে।
- চুক্তিপত্রে একটি প্রবেশন মেয়াদ থাকে এ সময়ে মালিক অথবা কর্মীর ইচ্ছায় কাজ বাতিল করা যেতে পারে। তথাপি প্রবেশন মেয়াদের জন্য বেতন দিতে হবে।
- চাকরিদাতা প্রত্যেক মাসে বেতনের চার্ট দিবেন, আর এপ্রিল–মে মাসে একক সার্টিফিকেট (সিইউ), অর্থাৎ গত বছরের মোট আয়ের সনদ দিবেন।
- প্রত্যেক কর্মীর ছুটি, ১৩ মাসের বেতন এবং টিএফআর বা লিকুইডেশনের পাওয়ার অধিকার আছে।

কি করতে হবে?

কাজের চুক্তির বিষয়ে আরো তথ্যের জন্য সিন্ডিকেট এর কাছে যাওয়া যায়।

সাবধান

বৈষম্য-বিরোধী আইন!

আমাদের সংবিধান ও আরও নানাবিধ আইন অনুযায়ী আমাদের দেশে কর্মক্ষেত্রে লিঙ্গ, ধর্ম, বয়স, প্রতিবন্ধকতা, যৌনাভ্যাস এবং জাতের ভিত্তিতে বৈষম্য করা নিষেধ।

এছাড়া বৈবাহিক অবস্থা, পরিবারিক কারণ বা গর্ভবতী নারীদের প্রতি বৈষম্য করা নিষেধ।

প্রয়োজনীয় সাইট

www.lavoro.gov.it

www.cliclavoroveneto.it

www.regione.veneto.it

www.ispettorato.gov.it

কর্মক্ষেত্রের অধিকার — কর্মীর প্রধান অধিকার — আচরণবিধি — আন্তঃঅঞ্চল পরিদর্শক

...কাজের জন্য

বাইরের পেশাগত যোগ্যতা দিয়ে ইতালিতে কাজ করা

ইতালিতে পেশা দুইভাগে ভাগ হয়:

আইনদ্বারা "উন্মুক্ত" পেশা

এর মানে যে কেউ কোন প্রকার ডিগ্রী ছাড়া কিছু কাজ করতে পারবে, যেমন- শিল্পী, সুরকার, গীতিকার এবং প্রভৃতি কাজ

যিনি আইনদ্বারা "উন্মুক্ত" পেশায় কাজ করতে চান তাঁর বাইরের ডিগ্রী থাকলেও তা বৈধকরণের প্রয়োজন নাই।

প্রয়োজনীয় সাইট

www.politicheeuropee.gov.it/

আইনদ্বারা "নিয়ন্ত্রিত" পেশা

এসব ক্ষেত্রে আইন-দ্বারা ডিগ্রীর শর্ত নির্ধারিত থাকে, এবং এর পরবর্তী প্রয়োজনীয় বাধ্যবাধকতা নির্ধারিত থাকে (যেমন চার্ট এ নিবন্ধন) শুধু আইন দ্বারা নির্ধারিত যোগ্য ব্যক্তিগণই এসব কাজ করতে পারবে।

যার পেশাগত ডিগ্রী আছে তিনি ইতালিতে আইনসম্মতভাবে কাজ করতে চাইলে তাকে নিজ দেশের ইতালিয়ান দূতাবাস কনসুলেটে এ ডিগ্রীর বৈধতার আবেদন করতে হবে কিছু ক্ষেত্রে ইতালির সমমানের ডিগ্রীর জন্য আবেদন করতে হবে।

কখন চাকুরি চলে যায়

স্মর্তব্য যে, চাকুরি চলে গেলে কিংবা চুক্তি নবায়ন না হলে "বেকারভাতা" চাওয়া যাবে।
এটা কাজ না থাকার সময়ের জন্য এক ধরনের সহায়তা। এটা বিভিন্ন রকম আছে, কাজের ধরন, বয়স এবং কত রাজস্ব জমা হয়েছে তার উপর নির্ভর করে।

কর্মী নিজে কাজ ছেড়ে দিলে তিনি ক্ষতিপূরণ পাবেন না।
মায়েরা, প্রথম বছরের মধ্যে চাকুরি ছাড়তে পারবেন, এবং বেকার ভাতার অধিকার হারাবেন না।

বেকার ভাতার আবেদন যেকোনো “পাত্রনাতো”-তে যাওয়া যাবে।

...বাসার জন্য

স্থায়ী বাসস্থান



স্থায়ী বাসস্থান হলো যেখানে মানুষ থাকে, এর জন্য পৌরসভার ব্যাক্তিগত তথ্য অফিসে যেতে হবে
স্থায়ী বাসস্থান পেতে হলে, ফোর পুলিশ যাচাই করে দেখবেন যে উল্লিখিত বাসায় থাকেন কিনা
ইতালিয়ান নাগরিকত্বের আবেদন করতে, রেসিডেন্স পারমিট, ড্রাইভিং লাইসেন্স, স্বাস্থ্য কার্ড করতে স্থায়ী বাসস্থানের পরিচয়পত্র লাগবে।



আমন্ত্রণপত্রের চিঠি

৪৮ ঘন্টার মধ্যে বাসায় কেউ থাকলে কুয়েস্তুরা এবং কমুনে কে জানাতে হবে। এটা বাধ্যতামুলক

চাকরিদাতা আমন্ত্রণপত্র পাঠালে অন্য কিছু লাগবে না, কাজের চুক্তিপত্রই যথেষ্ট



সরকারি বাসভবন “গণ বাসভবন”

যেকোনো বৈধ রেসিডেন্স পারমিট আছে অথবা কাজ করছেন এরকম যেকেউ আবেদন করতে পারবেন।

- সরকারি বাসভবনগণ বাসভব পাওয়া;
- বাসা ভাড়া বা প্রথম বাড়ী কেনায় সহজ শর্তে ঋণ;
- বাসা ভাড়ার সামাজিক ফান্ড;
- আয়ের ভিত্তিতি বিল কম দেয়া;

কিভাবে?

কমুনের বাসার জন্য আবেদন করতে হলে এবং বাসা ভাড়ার অন্যান্য সহযোগিতা পেতে পারেন। কমুনের সামাজিক সেবা বিভাগে গিয়ে নির্দিষ্ট ফর্মে আবেদন করতে পারবেন । সব ধরনের তথ্যের জন্য আপনার নিজস্ব কমুনে গিয়ে যোগাযোগ করতে পারবেন ।

সামাজিক সাহায্য সেবা পেতে হলে আপনাকে অবশ্যই ইজে (সমান অর্থনীতিক পরিস্থিতির সূচক) করাতে হবে। ইজে এর মাধ্যমে আপনি যদি অর্থনৈতিক এবং সামাজিক সুযোগ সুবিধা পেতে পারেন ,যেমন ফিক্সড টেলিফোন,গাস, বিদ্যুৎ ইত্যাদির অর্থনৈতিক সুবিধা পেতে পারেন ।

ইজে করতে হলে আপনি যেকোনো কাফ অফিসে গিয়ে করতে পারেন।

প্রয়োজনীয় সাইট

www.regione.veneto.it

বাসার জন্য বাসা ভাড়ার চুক্তি

- বাসার মালিক ও ভাড়াটিয়ার মধ্যে সম্পাদিত একটি চুক্তি, যা ভাড়াটিয়াকে মালিকের বাসায় ভাড়ার বিনিময়ে থাকার অধিকার দেয়।
- অন্য যেকোনো চুক্তির মতো এখানেও দুই পক্ষের অধিকার ও কর্তব্য আছে এবং সেগুলো আইন দ্বারা নির্দিষ্ট।
- বাসা ভাড়া চুক্তিটি লিখিত হতে হবে এবং আজেসসিয়া দেল্লে এন্ত্রাতেতে নিবন্ধিত হতে হবে।

যিনি বাসা খুঁজছেন, তিনি সংবাদ পত্রের দোকানে গিয়ে খবরের কাগজ কিনতে পারেন, সেগুলোতে বাসা ভাড়ার খবর থাকে। এর বাইরেও টাকার বিনিময়ে রিয়েল এস্টেট এজেন্সিগুলোতে যাওয়া যায়।

বাসা ভাড়া চুক্তি স্বাক্ষর করার পূর্বে গুরুত্বপূর্ণ হচ্ছে:

শর্তগুলো ভালভাবে পড়া, বোঝা (বিশেষ করে ছোট হরফে লিখা অংশগুলো)

বাসার অবস্থা (পানি, বিদ্যুত, গ্যাস, পয়:নিষ্কাশন ব্যবস্থা) ভালো করে দেখে নেয়া

আর কোন অতিরিক্ত খরচ আছে কিনা, যেমন কনদমিনিয়াম বিল বা পানি গরম করার বিল প্রভৃতি যাচাই করে দেখা

চুক্তি স্বাক্ষরের
তারিখ উল্লেখ থাকা আবশ্যক।

চুক্তির ৩০ দিনের মাথায় তা উভয় পক্ষের তথ্যসহ তা নিবন্ধন করাতে হবে।

বাসা কোথায়, কি রকম বাসা, কত কক্ষের এবং তার ব্যবহার, ভাড়া লেখা থাকতে হবে।

তাছাড়া বাসার অন্যান্য আনুসাঙ্গিক খরচ যেমন, দারোয়ান বা দরজা রক্ষাকবজ,বাসার লিফট, ইন্সুরেন্স বা সেন্ট্রাল হিটার , ইত্যাদি খরচ আছে কিনা ।

আর ভাড়াটিয়া কত দিনের জন্য থাকতে পারবে তা উল্লেখ থাকতে হবে।

পানি, বিদ্যুত, গ্যাস এগুলোর জন্য আলাদা কোম্পানীর সাথে চুক্ত করতে হবে। তারা পরে খরচ অনুযায়ী মাসিক বিল পাঠাবে।

বাসা ভাড়া নেয়ার জন্য বৈধ রেসিডেন্স পারমিট থাকতে কবে।

প্রয়োজনীয় সাইট

www.agenziaentrate.gov.it

www.sunia.it

...পরিবারের জন্য

পারিবারিক পরামর্শ কেন্দ্র এবং সিএফএসই



পারিবারিক পরামর্শ কেন্দ্রে ইতালিতে বসবাসকারী সকল ধরনের বৈধ ও অবৈধ নাগরিক প্রবেশ করতে পারেন । এখানে বিদেশীদের জন্য বিভিন্ন ধরনের স্বাস্থ্যসেবার বিধান এর সুবিধা রয়েছে ।
এই পারিবারিক স্বাস্থ্য কেন্দ্রে পেশাগত ভাবে নিয়োজিত আছেন বিভিন্ন অভিজ্ঞ ডাক্তারগন, যেমন, গাইনি ডাক্তার , শিশু ডাক্তার , সামাজিক কর্মী , নার্স , মনোবিজ্ঞানী , তাছাড়া তাদের সাথে আছেন অন্যান্য আরও অভিজ্ঞ সম্পন্ন সমাজবিজ্ঞানি, নিউরো সাইকোলজি ডাক্তার , একজন আইনজীবী । তাছাড়া ভাষাগত সুবিধার জন্য আপনার নিজ দেশের একজন দোভাষী আপনাকে বুঝিয়ে দেয়ার জন্য সাহায্য করবেন ।



মা এবং বাবা কাজ করেন: কোন কোন অধিকার

কর্মীদের পরিবারকে সহায়তা করার জন্য সেবা রয়েছে:

- মাতৃকালীন ছুটি;
- পিতৃত্বের ছুটি;
- ঘন্টা অনুযায়ী ছুটি;
- পিতৃত্বের ছুটি;
- এএনএফ (পারিবারিক চেক);

সন্তান প্রসবের পর কিছু অর্থনৈতিক সাহায্যের ব্যবস্থা রয়েছে:

- সন্তান জন্মদান চেক বা বনুস বেবে (ইজে লাগবে);
- সন্তান প্রসবের পুরস্কার;

সাবধান!

নিচে উল্লিখিত অনেক সেবার জন্য ইজে লাগবে।
ইজের জন্য নিকটস্থ কাফ-এ যেতে হবে।

কিভাবে?

উপরোল্লিখিত সেবাসমূহ সম্পর্কে জানার জন্য এবং সেগুলো সক্রিয় করার জন্য পাত্রোনাতো-এর কাছে যেতে হবে।

পরিবারের রক্ষাকবচ, পৌরসভার সেবাসমূহ

যে মায়েরা অস্থায়ী বা সিজনাল কাজ করে বা বেকার তারা রাষ্ট্রের মাতৃত্বের চেক ইনপস কর্তৃক প্রদান করা হয়।

এর বাইরেও পৌরসভা (কমুনে)-সমূহ বড় পরিবারের জন্য চেকের ব্যবস্থা করে, অর্থাৎ কমপক্ষে ৩ বা তার বেশী সন্তানসহ পরিবারের জন্য আর্থিক সাহায্য।

কিভাবে?

সামাজিক সেবাসমূহের জন্য নিজস্ব পোরসভায় আবেদন করতে হবে এখানেও ইজে লাগবে।
ইজের জন্য নিকটস্থ কাফ (সিএএফ) এ যেতে হবে।

নারীর রক্ষাকবচ

নির্যাতন, অত্যাচার এবং কারও দ্বারা প্রতারিত হলে তাদের সামাজিক নিরাপত্তা পাওয়ার অধিকার আছে; কুয়েস্তুরা একটি বিশেষ রেসিডেন্স পারমিটের ব্যবস্থা করে এবং সামাজিক প্রতিরক্ষা ও সহায়তা প্রোগ্রামে অধিভুক্ত করতে পারে, যা সরকারি সংস্থা বা স্বেচ্ছাসেবী সংস্থা দ্বারা পরিচালিত হয়।

গর্ভাবস্থায় কোন বিদেশী নারীকে ইতালি থেকে বহিষ্কার করা যায় না; এক্ষেত্রে তার চিকিৎসার (গর্ভাবস্থা) জন্য রেসিডেন্স পারমিট পাওয়ার অধিকার রয়েছে, এটা গর্ভাবস্থার প্রমাণপত্র পাওয়ার দিন থেকে সন্তান প্রসবের ছয় মাস পর্যন্ত বৈধ থাকে।

কিভাবে?

শরণার্থী নির্যাতন প্রতিরোধ কেন্দ্র বা পোরসভার সামাজিক নিরাপত্তা দপ্তরে যাওয়ার সুযোগ রয়েছে।

প্রয়োজনীয় সাইট

www.regione.veneto.it

সাধারণ তথ্য

পারিবারিক পরামর্শ কেন্দ্র

নির্যাতন প্রতিরোধ কেন্দ্র

শরণার্থী কেন্দ্র

...শিক্ষার জন্য



নাবালকদের জন্য

ইতালিতে ১৬ বছর বয়স পর্যন্ত স্কুলে যাওয়ার এবং ১৮ বছর পর্যন্ত প্রশিক্ষণ পাওয়ার বাধ্যবাধকতা রয়েছে। এর মানে হলো রেসিডেন্স পারমিট-বিহীন কিশোরদেরও যেকোনো স্তরের সরকারি শিক্ষা প্রতিষ্ঠানে যাওয়ার দায়িত্ব/অধিকার রয়েছে।

16
বছর
সময়সহ

নাবালকরা পিতা মাতা বা যা তার রক্ষাকারী তাদের মাধ্যমে স্কুলে ভর্তি হয়
তাদেরকে বয়স অনুযায়ী উপযুক্ত শ্রেণীতে ভর্তি করা হবে, শিক্ষক মন্ডলী ভিন্ন সিদ্ধান্ত না নিলে।
বছরের যেকোনো সময় স্কুলে সরাসরি ভর্তি করানো যাবে, যেকোনো ধাপে।

বয়স্কদের জন্য



বয়স্কগণ ইতালিয়ান ভাষা শিক্ষা কোর্সএ বা সিপিআই-এ (বয়স্ক শিক্ষা কর্মসূচি) কর্তৃক প্রস্তাবিত সেবা নিতে পারেন; তারা লিচেন্সা মেদিয়ার ডিপ্লোমার জন্য সান্ধ্যকালীন কোর্স এর ব্যবস্থা করেন।

যদি যোগ্যতা থাকে তবে ইতালিয়ান ছাত্রদের মতই বিশ্বদ্যিালয়ের কোর্সএ ভর্তি হতে পারবে।

বাইরের দেশের ডিগ্রী থাকলে

ইতালিতে বৈধ ডিগ্রি হিসেবে বিবেচিত হওয়ার জন্য নিজ দেশের ডিগ্রীর অফিসিয়াল সনদ অবশ্যই সত্যায়িত করতে হবে।

সত্যায়িত করার কোন মেয়াদ নেই।

সত্যায়িত করার সময়, ইতালিয়ান দূতাবাসে “ডিকিয়ারাৎসিওনে দি ভালোরে” চেয়ে নেয়া ভালো। “দিকিয়ারাৎসিওনে দি ভালোরে“ ইতালিয়ান ভাষায় লেখা মেয়াদহীন একটি দলিল, যা কোর্স সম্পর্কে এবং যে দেশ থেকে করা হয়েছে তার গুরুত্ব সম্পর্কে তথ্য দেয় (প্রতিষ্ঠানটি অনুমোদিত কিনা, কোর্সের সময়, কোর্সে ভর্তির জন্য পরীক্ষা দিতে হয় কিনা ইত্যাদি)

এটা যে প্রতিষ্ঠান থেকে কোর্স সম্পন্ন করা হয়েছে, তার সবচেয়ে নিকটস্থ ইতালিয়ান কনসুলেট থেকে প্রয়োজনীয় কাগজ জমা দিয়ে নিতে হবে।

বাইরে অর্জিত ডিগ্রী

সাধারণত, বাইরে অর্জিত ডিগ্রীর কোন আইনি মূল্য ইতালিতে নাই
তারপরও, বিশ্ববিদ্যালয়গুলো মূল্যায়ন করবে বাইরে অর্জিত ডিগ্রিটি ইতালিয়ান ডিগ্রির সমমানের কিনা।

বাইরে অর্জিত ব্যাচেলর ডিগ্রী ইতালিতে চলবে কিনা, তা জানতে সমরূপ কোর্স চালু আছে এ ধরনের কোনো বিশ্ববিদ্যালয়ের উপাচার্য বরাবর আবেদন করতে হবে। সমমানের ব্যাচেলর ডিগ্রি নেয়ার জন্য কিছু সমন্বিত পরীক্ষা দেয়া লাগতে পারে।



প্রয়োজনীয় সাইট
www.venetoimmigrazione.it
www.istruzioneveneto.it
www.miur.gov.it

সিপিআইএ সেটিপি

সিপিআইএ ঠিকানা

বাইরে অর্জিত ডিগ্রির সমমান ঠিক করা

বাইরের একাডেমিক ডিগ্রি

...ড্রাইভিং লাইসেন্স-এর জন্য

কাজের জন্য প্রায়ই ড্রাইভিং লাইসেন্স প্রয়োজন হয়

ইতালিতে ড্রাইভিং লাইসেন্স দেয়ার জন্য একটি তাত্ত্বিক পরীক্ষা (ইতালিয়ান ভাষায়) এবং একটি ব্যবহারিক পরীক্ষা পাশ করতে হয়।

পরীক্ষার প্রস্তুতির জন্য যেকোনো ড্রাইভিং স্কুল (অর্থের বিনিময়ে)-এ যেতে হয়, রেসিডেন্স পারমিট এবং স্থায়ী ঠিকানা থাকা আবশ্যক।

বাইরের দেশের লাইসেন্স থাকলে তা দিয়ে বসবাস শুরুর দিন থেকে এক বছর পর্যন্ত গাড়ী চালানো যায়, কিন্তু জরুরি হলো তা ইতালিয়ান ভাষায় অনূদিত হতে হবে এবং মূল কপি সাথে থাকতে হবে। (অথবা ইন্টান্যাশনাল ড্রাইভিং লাউসেন্স এর মূল কপি)

এক বছর পার হয়ে গেলে সিভিল মটর চলাচল কার্যালয়-এ গিয়ে তা পরিবর্তন করতে হবে (যদি নিজ দেশের সাথে ইতালির এ বিষয়ে চুক্তি থাকে)। অথবা ইতালিতে লাইসেন্স করতে হবে, অন্যথায় গাড়ী চালাতে পারবেন না।

প্রয়োজনীয় সাইট

www.mit.gov.it

জরুরি নম্বর

প্রেফেত্তুরা বেল্লুনোর প্রশাসনের আঞ্চলিক কার্যালয়
http://www.prefettura.it/belluno
ইমিগ্রেশনের একক বুথ
পিয়াৎসা দুওমো, ৩৮ – ৩২১০০ বেল্লুনো (১ম তলা)

প্রেফেত্তুরা পাদোভা প্রশাসনের আঞ্চলিক কার্যালয়
http://www.prefettura.it/padova/contenuti/Immigrazione-13228.htm
ইমিগ্রেশনের একক বুথ
আলাদা কার্যালয়: পিয়াৎসা জানেল্লি ১৯ (স্তাঙ্গা) - ৩৫১০০ পাদোভা

প্রেফেত্তুরা রভিগো প্রশাসনের আঞ্চলিক কার্যালয়
http://www.prefettura.it/rovigo/contenuti/Immigrazione-13472.htm
ইমিগ্রেশনের একক বুথ
আলাদা কার্যালয়: ভিয়া ওবেরদান ২২ – ৪৫১০০ রভিগো

প্রেফেত্তুরা ত্রেভিজো প্রশাসনের আঞ্চলিক কার্যালয়
http://www.prefettura.it/treviso
ইমিগ্রেশনের একক বুথ
পিয়াৎসা দেই সিনিঁওরি, ২২ – ৩১১০০ ত্রেভিজো

প্রেফেত্তুরা ভেনেৎসিয়া প্রশাসনের আঞ্চলিক কার্যালয়
http://www.prefettura.it/venezia
ইমিগ্রেশনের একক বুথ
TRADUZIONE MANCANTE

প্রেফেত্তুরা ভেরোনা প্রশাসনের আঞ্চলিক কার্যালয়
http://www.prefettura.it/verona/contenuti/Immigrazione-13680.htm
ইমিগ্রেশনের একক বুথ
ভিয়া সান্তা মারিয়া আন্তিকা, ১ – ৩৭১২১ ভেরোনা

প্রেফেত্তুরা ভিচেন্সা প্রশাসনের আঞ্চলিক কার্যালয়
http://www.prefettura.it/vicenza/contenuti/Immigrazione-13389.htm
ইমিগ্রেশনের একক বুথ
কন্ত্রা গাৎসোলে, ১০ – ভিচেন্সা (নিচ তলা)

কুয়েস্তুরা দি বেল্লুনো
ভিয়া ভলোন্তারি দেল্লা লিবের্তা ১৩
৩২১০০ বেল্লুনো
http://questure.poliziadistato.it/it/Belluno

কুয়েস্তুরা দি পাদোভা
পিয়াৎসেত্তা জি. পালাতুচ্চি, ৫
৩৫১২৩ পাদোভা,
http://questure.poliziadistato.it/padova

কুয়েস্তুরা দি রভিগো
ভিয়ালে ত্রে মার্তিরি, ৪০
৪৫১০০ রভিগো
https://questure.poliziadistato.it/it/Rovigo

কুয়েস্তুরা দি ত্রেভিজো
পিয়াৎসা দেল্লে ইসতিতুৎসিওনে, ১ এদিফিচো এ
৩১১০০ ত্রেভিজো,
https://questure.poliziadistato.it/it/Treviso

কুয়েস্তুরা দি ভেনেৎসিয়া
সেস্তিয়েরে দি সান্তা ক্রচে, ৫০০
৩০১০০ ভেনেৎসিয়া
https://questure.poliziadistato.it/it/Venezia

কুয়েস্তুরা দি ভিচেন্সা
ভিয়ালে মাৎসিনি ২১৩
৩৬১০০ ভিচেন্সা
https://questure.poliziadistato.it/it/Vicenza

কুয়েস্তুরা দি ভেরোনা
লুংগাদিজে আন্তনিও গালতারোম্সা, ১১
৩৭১৩৩ ভেরোনা,
https://questure.poliziadistato.it/it/Verona

বেল্লুনো পাদোভা রভিগো ত্রেভিজো ভেনেৎসিয়া ভিচেন্সা ভেরোনা

জরুরি অবস্থায় ব্যবহারের নম্বরসমূহ

112 মিলিটারী পুলিশ (কারাবিনিয়েরি)
113 রাষ্ট্রীয় পুলিশ বিভাগ (পলিৎসিয়া দি স্তাতো)
114 শিশু বিষয়ক জরুরি অবস্থা (এমের্জেন্সা ইনফান্সিয়া)
115 ফায়ার ব্রিগেড (ভিজিলে দেল ফুওকো)
116 রাস্তায় সাহায্য (সক্কোর্সো স্ত্রাদালে)
117 ফাইনান্স গার্ড (গুয়ার্দিয়া দি ফিনান্সা)
118 প্রাথমিক চিকিৎসা কেন্দ্র (প্রন্তো সক্কোর্সো) স্বাস্থ্য বিষয়ক জরুরীবস্থায়

এই প্রকাশনাটি “বহুসাংস্কৃতিক কর্মপদ্ধতি, আঞ্চলিক ইমিগ্রেশন" (মারি) প্রকল্পের আওতায় প্রস্তুত করা হয়েছে।
ফামি ২০১৪ -২০২০ – ওএস ২ – ওএন ২ – ০২ – বর্ণ. ই) সময়কাল ২০১৬/২০১৮ – প্রোগ্রাম – ১২৮৭ সিইউপি এইচ১৯ডি১৭০০০৫৮০০৭, অত্র প্রকল্পের অংশীদার হিসেবে, ভেনেতো অঞ্চলের ইমিগ্রেশন এবং কর্মবিভাগ-কর্তৃক প্রচারিত।

নির্দেশিকাটি সম্পাদনা শেষ হয়েছে ৩০.১১.২০১৮
এই নির্দেশিকাতে যেসব তথ্য রয়েছে তা প্রেফেত্তুরা, হাসপাতাল, শ্রমিক সংগঠন, পাত্রনাতো আইএনসিএ সিজিআইএলসহ বিভিন্ন সহয়তাকারী প্রতিষ্ঠানের ওয়েবসাইট ও তাদের প্রকাশনা থেকে নেয়া হয়েছে।